

ঢাকা ওয়াসা

- সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ৩। পুরে যাওয়া ক্যাবলের ছবি।
সংযুক্তিঃ ৪। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply, fitting & fixing of heat shrink kit at different DTW pad-mounted sub-stations under SKWP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য প্লান্ট-এর গভীর নলকূপ ২০১, ১০৭, ২০৮ ও ২১২ এর প্যাড মাউন্ট সাব-স্টেশনের ১১ কেভি HT সাইডে ক্যাবল পুড়ে গিয়েছে। উক্ত পাম্প কম্পাউন্ড পরদর্শন করে দেখা যায় জরুরী ভিত্তিতে উক্ত পাম্প কম্পাউন্ডের প্যাড মাউন্ট সাব-স্টেশনের ১১ কেভি HT সাইডের ক্যাবল গুলোর পোড়া অংশ ফেলে দিয়ে নতুন করে হিট শ্রিংক করা প্রয়োজন। অন্যথায় ক্যাবলটি পুড়ে গিয়ে আলোচ্য গভীর নলকূপগুলোর পানি উৎপাদন ব্যাহত হবে।

০৩। আলোচ্য কাজের জন্য PWD SoR E/M 2022 রেট শিডিওল ও পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ০৩)। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৫৩২/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত বত্রিশ) মাত্র। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের ‘পরিচালন ব্যয়’ এর ক্রমিক নংঃ ০৭ এর ‘পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম)’ খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তিঃ ০২)।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার ‘সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট’-এর IRP#1 ও IRP#2 এর আওতাধীন গভীর নলকূপ ২০১, ১০৭, ২০৮ ও ২১২ এর প্যাড মাউন্ট সাব-স্টেশনের ১১ কেভি HT সাইডে রক্ষানাবেক্ষণ কাজের জন্য Supply, fitting & fixing of heat shrink kit at different DTW pad-mounted sub-stations under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ৯৯ (১) (ড) অনুযায়ী সরাসরি চুক্তি পত্রিয়া (DPM) - এর মাধ্যমে ‘মেসার্স আর এস টেকনোক্রেসি’-এর সাথে সম্পাদনের জন্য অনুমোদন;

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,৫৩২/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত বত্রিশ) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের ‘পরিচালন ব্যয়’ এর ‘পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম)’ খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

মিজঃ নিসবাতুন্নাহার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।